

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১৬৯-আইন/২০১৪/৭১৪-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১০৬-আইন/২০১৪/৭০১-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-৩ (উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ১৯.০৫ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরোনামা সংখ্যা এবং তদবিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

19.05	1905.10.00 1905.20.00	পাউরুটি, বনরুটি ও এই ধরনের অন্যান্য রুটি
	1905.31.00 1905.90.00	১০০ (একশত) টাকা পর্যন্ত (প্রতি কেজি) মূল্য মানের হাতে তৈরী বিস্কুট; এবং ১০০ (একশত) টাকা পর্যন্ত (প্রতি কেজি) মূল্য মানের হাতে তৈরী কেক (পার্টিকেল ব্যতীত);

(খ) টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) এর পরিবর্তে নিম্নরূপ টেবিল-৫ (ব্যবসায়ী পর্যায়) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"টেবিল-৫

(ব্যবসায়ী পর্যায়)

শিরোনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
10.05	1005.10.10	ভূট্টা বীজ (শুধুমাত্র মোড়কজাত অবস্থায়)
10.06	1006.10.90 1006.20.00 1006.30.00 1006.40.00	সকল প্রকার চাউল (প্যাকেটজাত হউক বা না হউক)
23.09	2309.90.10	পশু খাদ্যের পুষ্টি প্রিমিক্স

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
30.02	সংশ্লিষ্ট	সকল প্রকার জন্ম নিরোধক,
30.03	এইচ. এস. কোড	Insulin (ইনসুলিন)
30.04		ভ্যাকসিনস ফর ইউরিয়াম মেডিসিন
30.06		ভ্যাকসিনস ফর ভেটেরিনারি মেডিসিন হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক, ইউনানী ও ভেষজ ঔষধ সামগ্রী কিডনী ডায়ালাইসিস সলিউশন, ক্যান্সার নিরোধক ঔষধ
31.01 থেকে	সংশ্লিষ্ট	সকল প্রকার সার
31.05	এইচ. এস. কোড	
35.07	3507.90.10	Streptokinase
38.08	সংশ্লিষ্ট এইচ. এস. কোড	কৃষিকার্যে ব্যবহার্য ইনসেকটিসাইড, ফাংগিসাইডস, পেস্টিসাইডস, এন্টি স্প্রাউটিং প্রোডাক্টস, প্র্যান্ট গ্রোথ রেগুলেটর ও ডিসইনফেকট্যান্টস
40.14	4014.10.00	Sheath Contraceptives (কনডম)
85.17	8517.12.10	মোবাইল টেলিফোন সেট
90.18	9018.39.20	Insulin pen / Insulin cartridge"।

রষ্ট্রপতির আদেশক্রমে,

[মোঃ গোলাম হোসেন]

সচিব